ইলেকট্রনিক্স ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ইটাব)

আব্দুর রহিম মুক্তিযোদ্ধা টাওয়ার (৬ষ্ঠ তলা) ১৩৮/১৩৯, নবাবপুর রোড, ঢাকা।
বর্তমানঃ ২০, বিসিসি রোড (৩য়তলা), ওয়ারী, ঢাকা।
টেলিফোনঃ ০২-২২৬৬৩৮৬০০, ইমেইলঃ etab.trade@gmail.com, ওয়েবসাইটঃ http://electronicstraders.org

নোটিশ বোর্ড - এ বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশিত এবং আন্ডার সার্টিফিকেট অব পোষ্টিং এর মাধ্যমে প্রেরিত।

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহীম

সার্কুলার নং ইটাব/নির্বাচন-১/২০২৩ ইং   তারিখঃ ০৫/০৯/২০২৩

সম্মানীত সদস্য
ইলেকট্রনিক্স ট্রেডার্স এসাসিয়েশন অব বাংলাদেশ (ইটাব) ঢাকা।

নির্বাচন ২০২৪-২০২৫ সংক্রান্ত বিজ্ঞপ্তি

আপনাদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বানিজ্য সংগঠন বিধিমালা- ১৯৯৪, এবং এসোসিয়েশনের সংশোধিত সংঘবিধির অধীনে গোপন ব্যলটের মাধ্যমে এসোসিয়েশনের ২৫ সদস্য বিশিষ্ট পরিচালনা পরিষদের ২০২৪-২০২৫ (২৪ মাস কার্যমেয়াদ) এর দ্বি-বার্ষিক নির্বাচন এবং নির্বাচিত পরিচালকদের দ্বারা উক্ত মেয়াদের জন্য এসোসিয়েশনের সভাপতি, প্রথম সহ-সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি (অর্থ), সহ-সভাপতি (দপ্তন), সহ-সভাপতি (আর্ন্তজাতিক বিষয়ক), সহ-সভাপতি (প্রশাসন) এবং সহ-সভাপতি (সাংগঠনিক) মোট ০৮ (আট) টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্বাচনী তফসিল ঘোষনা করা হলো ঃ

ক্র: নং	বিবরণ	তারিখ	বার ও সময়
১.	ক) এসোসিয়েশনের ২০২৩ ইং সন পর্যন্ত চাঁদা পরিশোধ। খ) হালনাগাদ ট্রেড-লাইসেন্স ও আয়কর পরিশোধের সার্টিফিকেট/ আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকারপত্র ২০২২-২৩ (নির্বাচন বোর্ড কর্তৃক সত্যায়নের জন্য মূল কপি সহ এক সেট ফটোকপি) দাখিলের শেষ তারিখ: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	২৫ সেপ্টেম্বর ২০২৩ ইং	সোমবার বিকাল ৫টা পর্যন্ত
২.	নির্বাচন বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ স্থান: ইটাব কার্য্যালয়, ২০, বি সি সি রোড, (৩য় তলা), ঢাকা।	০২ অক্টোবর ২০২৩ ইং	সোমবার
৩.	নির্বাচন আপীল বোর্ডের নিকট প্রাথমিক ভোটার তালিকা আপত্তি (যদি থাকে) দাখিলের শেষ তারিখ ও সময়: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	০৭ অক্টোবর ২০২৩ ইং	শনিবার বিকাল ৫টা পর্যন্ত
৪.	নির্বাচন আপীল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার উপর দাখীলকৃত আপত্তির শুনানী গ্রহন ও সিদ্ধান্ত প্রদান: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	০৮ অক্টোবর ২০২৩ ইং	রবিবার সকাল ১১.০০ বিকাল ৫টা পর্যন্ত
৫.	নির্বাচন আপীল বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	১২ অক্টোবর ২০২৩ ইং	বৃহস্পতিবার
৬.	নির্বাচন বোর্ডের নিকট হইতে পরিচালক পদের মনোনয়ন ফরম সংগ্রহের শেষ তারিখ ও সময়: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	১৯ অক্টোবর ২০২৩ ইং	বৃহস্পতিবার বিকাল ৫টা পর্যন্ত
৭.	নির্বাচন বোর্ডের নিকট পরিচালক পদের মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ ও সময়: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	২১ অক্টোবর ২০২৩ ইং	শনিবার দুপুর ১টা পর্যন্ত
৮.	নির্বাচন বোর্ড কর্তৃক মনোনয়নপত্র বাছাই ও পরীক্ষা:	২১ অক্টোবর ২০২৩ ইং	শনিবার দুপুর ৩টা পর্যন্ত
৯.	নির্বাচন বোর্ড কর্তৃক বৈধ তালিকা প্রকাশ: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	২১ অক্টোবর ২০২৩ ইং	শনিবার বাছাই শেষে
১০.	মনোনয়নপত্র বাতিলের ব্যাপারে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপীল বোর্ডের নিকট আপত্তি (যদি থাকে) দাখিলের শেষ তারিখ ও সময়: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	২৫ অক্টোবর ২০২৩ ইং	বুধবার বিকাল ৪ টা পর্যন্ত
১১.	মনোনয়নপত্র বাতিলের ব্যাপারে সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বাচন আপীল বোর্ডের নিকট দাখিলকৃত আপত্তির শুনানী গ্রহন ও সিদ্ধান্ত প্রদান:	২৬ও ২৮ অক্টোবর ২০২৩ ইং	বৃহস্পতিবার ও শনিবার সকাল ১১.০০ মিঃ হইতে
১২.	নির্বাচন আপীল বোর্ডের সিদ্ধান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ: (স্থান: ইটাব কার্য্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	২৯ অক্টোবর ২০২৩ ইং	রবিবার বিকাল ৫.০০ মিঃ হইতে

অপর পাতা.../..২

ক্র: নং	বিবরণ	তারিখ	বার ও সময়
১৩.	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ ও সময়: (স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)। বিঃ দ্রঃ প্রার্থীতা প্রত্যাহারে ইচ্ছুক প্রার্থীকে স্বয়ং (নিজে) উপস্থিত হইয়া প্রার্থীতা প্রত্যাহার পত্র জমা দিতে হইবে । প্রার্থীতা প্রত্যাহারের পর যদি দেখা যায় বৈধ প্রার্থীর সংখ্যা নির্বাচনযোগ্য সদস্যসংখ্যার সমান বা তদপেক্ষা কম, তাহা হইলে ভোট গ্রহনের প্রয়োজন হইবে না এবং এইরূপ প্রার্থীগন নির্বাচিত হইয়াছেন মর্মে ঘোষনা দেওয়া হইবে। এই ক্ষেত্রে তপসীলে বর্নিত ১৯ নং কার্যক্রম অর্থাৎ কর্মকর্তা নির্বাচন পরবর্তী ৪৮ ঘন্টার মধ্যে অনুষ্ঠিত হবে।	৩১ অক্টোবর ২০২৩ ইং	মঙ্গলবার বেলা ১২.৩০ মিঃ পর্যন্ত
১৪.	প্রার্থী পদ প্রত্যাহার (যদি থাকে) শেষে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ: (স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।	০২ নভেম্বর ২০২৩ ইং	বৃহস্পতিবার বিকাল ৪.০০ মিঃ পর্যন্ত
১৫.	নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত প্রার্থীর তালিকায় অর্ন্তভুক্ত প্রার্থীবৃন্দের সহিত প্রার্থী পরিচিতি সভা অনুষ্ঠান সহ বিবিধ বিষয়ে আলেঅচনা: (স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)	০৫ নভেম্বর ২০২৩ ইং	রবিবার বিকাল ৩.০০ মিঃ পর্যন্ত
১৬.	নির্বাচন বোর্ড কর্তৃক প্রার্থী পরিচিতি সভার ধার্যকৃত ব্যয় নির্বাহের জন্য প্রদেয় অর্থ জমাদানের শেষ তারিখঃ	১১ নভেম্বর ২০২৩ ইং	শনিবার বিকাল ৫.০০ মিঃ পর্যন্ত
১৭.	নির্বাচন বোর্ড কর্তৃক আয়োজিত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতকারী প্রার্থীদের পরিচিতি সভাঃ স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা (প্রার্থীদের সাথে আলোচনাক্রমে)	১৫ নভেম্বর ২০২৩ ইং	বুধবার বিকাল সন্ধ্যা ৭.০০ মিঃ থেকে
১৮.	ভোট গ্রহন এবং ভোট গ্রহন পর্ব শেষে ভোট গননা সম্পন্ন হওয়ার পর নির্বাচনের ফলাফল প্রকাশঃ **স্থান: বি ই এ অডিটোরিয়া, ১৪৪/২, নবাবপুর রোড ৬ষ্ট তলা, ঢাকা।**	২৬ নভেম্বর ২০২৩ ইং রবিবার	ভোট গ্রহন সকাল ৯ টা হইতে বিরতিহীনভাবে বিকাল ৫ টা মিঃ পর্যন্ত এবং ভোট গ্রহন শেষে ভোট গননা ও ফলাফল প্রকাশ
১৯.	নব নির্বাচিত পরিচালকবৃন্দ কর্তৃক এসোসিয়েশনের সভাপতি, প্রথম সহ-সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি (অর্থ), সহ-সভাপতি (দপ্তন), সহ-সভাপতি (আর্ন্তজাতিক বিষয়ক), সহ-সভাপতি (প্রশাসন) এবং সহ-সভাপতি (সাংগঠনিক) মোট ০৮ (আট) টি পদে নির্বাচন শেষে ভোট গননা ও ফলাফল প্রকাশঃ (স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)	২৮ নভেম্বর ২০২৩ ইং মঙ্গলবার	মনোনয়ন পত্র উত্তোলন ও দাখিলের সময়ঃ সকাল ১০.০০ টা থেকে সকাল ১১.৩০ মিঃ নির্বাচনঃ বেলা ১২.৩০ মিঃ
২০.	নির্বাচন আপীল বোর্ডের নিকট সংশ্লিষ্ট প্রার্থী কর্তৃক নির্বচনী ফলফলের উপর আপত্তি (যদি থাকে) দাখিলের শেষ তারিখ ও সময়: (স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা)।নব-	২৯ নভেম্বর ২০২৩ ইং	বুধবার বিকাল ৪ টা পর্যন্ত
২১.	নির্বচনী ফলফলের বিরুদ্ধে নির্বাচন আপীল বোর্ডের নিকট দাখিলকৃত আপিলের (যদি থাকে) তার উপর শুনানী গ্রহন ও সিদ্বান্তঃ (স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা	৩০ নভেম্বর ২০২৩ ইং	বৃহস্পতিবার বিকাল ১২ টা পর্যন্ত
২২.	নির্বাচনী আপীল বোর্ডের সিদ্বান্তের প্রেক্ষিতে নির্বাচন বোর্ড কর্তৃক নির্বাচনের ফলাফল প্রকাশঃ (স্থান: ইটাব কার্যালয়, ২০ বি সি সি রোড, ৩য় তলা, ঢাকা	০২ ডিসেম্বর ২০২৩ ইং	শনিবার বিকাল ৫ টা পর্যন্ত

বিশেষ দ্রষ্টব্যঃ (১) ১ নং কর্মসূচী ব্যতীত উপরোক্ত কর্মসূচীর যে কোন টি নির্ধারিত তারিখে অনুষ্ঠান করা সম্ভব না হইলে, সেই ক্ষেত্রে উক্ত কর্মসূচী পরবর্তি কার্যদিবসে অনুষ্ঠিত হইবে।
(২) নির্বাচন সংক্রান্ত পরবর্তী যাবতীয় বিজ্ঞপ্তি শুধুমাত্র নির্বাচন নোটিশ বোর্ডে প্রদর্শিত হইবে।

নির্বাচন সংক্রান্ত গুরুত্বপূর্ন তথ্যাবলী ঃ

১) বানিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং এসোসিয়েশনের সংশোধিত সংঘবিধি মোতাবেক এসোসিয়েশনের মোট ২৫ সদস্য বিশিষ্ট পরিচালনা পরিষদ দায়িত্বভার গ্রহনের তারিখ হইতে ২ বৎসর (২৪ মাস) মেয়াদের জন্য নির্বাচিত হইবেন।

অপর পাতা.../..৩

২) বানিজ্য মন্ত্রনালয়ের স্মারক নং- বাম/টিও-১/সি-৯/৯২ (অংশ-৩)/ তারিখ ০৪-০৬-২০১১ খ্রিঃ মোতাবেক "এক ব্যক্তির মালিকানায় যতগুলো প্রতিষ্ঠান থাকুক না কেন, কোন প্রতিষ্ঠানর নামে আলাদা টি আই এন না থাকিলে ঐ প্রতিষ্ঠানের ভোটাধিকার থাকবে না। একটি প্রতিষ্ঠান একটি টি আই এন এর বিপরীতে একটি ভোট প্রদানের অধিকারী হবে। একই টি আই এন ব্যবহার করে একটি নির্বাচনে একাধিকবার ভোটার হওয়া যাবে না"।

৩) ২৭ আগষ্ট, ২০২৩ ইং তারিখের মধ্যে যাঁহারা এসোসিয়েশনের সদস্য পদ গ্রহন করিয়াছেন এবং ২৭ অক্টোবর, ২০২৩ ইং তারিখের মধ্যে এসোসিয়েশনের ২০২৩ ইং পর্যন্ত চাঁদা পরিশোধ পূর্বক নির্বাচনী তফসীল মোতাবেক হালনাগাদ ট্রেড-লাইসেন্স ও আয়কর পরিশোধের সার্টিফিকেট/ আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বিকারপত্র রশিদ এবং চাঁদা পরিশোধের রশিদের ফটোকপি (হালনাগাদ ট্রেড-লাইসেন্স ও আয়কর পরিশোধের সার্টিফিকেট/ আয়কর রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বিকারপত্র সত্যায়নের জন্য মূল কপি এসোসিয়েশেনে দাখিল পূর্বক ফটোকপি নির্বাচন বোর্ড কর্তৃক সত্যায়ন করাইতে হইবে) এসোসিয়েশেনে দাখিল করিবেন কেবল তাঁহারাই নির্বাচনে অংশগ্রহন করিতে পারিবেন।

৪) নির্বাচন বোর্ড কর্তৃক ইস্যুকৃত ভোটার আই ডি কার্ড যাচাই পূর্বক ভোটার সনাক্ত করা হইবে। ভোটার আই ডি কার্ড ব্যতীত কেহ ভোট প্রদান বা প্রার্থী পরিচিতি সভায় অংশগ্রহন করিতে পারিবে না। আগামী ০৫ নভেম্বর হইতে ২০ নভেম্বর, ২০২৩ ইং তারিখের মধ্যে সম্মানীত ভোটারগন ইটাব এর কার্য্যালয় হইতে ভোটার আই ডি কার্ড সংগ্রহ করিবেন।

৫) ভোট গ্রহন কালীন ও ভোট গননার সময় ভোট কেন্দ্রে কোন প্রার্থী, প্রার্থীর এজেন্ট ও ভোটারগন কোন আগ্নেয়য়াস্ত্র, মোবাইল ফোন বা ক্যামেরা বহন করিতে পারিবেন না।

৬) (ক) মনোনয়ন পত্র নির্বাচন বোর্ডের সীল সহ নির্বাচন বোর্ডের স্বাক্ষর সম্বলিত হইতে হইবে। চুরান্ত ভোটার তালিকায় অর্ন্তভুক্ত সদস্যগন নিম্নে উল্লেখিত ফি প্রদান সাপেক্ষে স্বয়ং (নিজে) উপস্থিত হইয়া অথবা লিখিত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ করিতে পারিবেন।

(খ) পরিচালক পদের মনোনয়ন পত্রের ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা এবং এক সেট ভোটার তালিকা ৭০০০/- (সাত হাজার) টাকা। পরিচালক পদের প্রতিটিমনোনয়ন পত্রের সাথে এক সেট ভোটার তালিকার মূল্য আবশ্যিক ভাবে পরিশোধ করিয়া অর্থাৎ সর্ব মোট ১২,০০০/- (বার হাজার) টাকা প্রদান করিয়া মনোনয়নপত্র সংগ্রহ করিতে হইবে।

(গ) একজন প্রার্থীর নামে সংগ্রহকৃত মনোনয়ন পত্র অন্য প্রার্থী ব্যবহার করিতে পারিবে না এবং কেহ মনোনয়নপত্রের মূলকপি ব্যতীত ফটোকপি বা প্রতিলিপিতে মনোনয়ন জমা দিতে পারিবেন না। কেহ ইহার অন্যথা করিলে উক্ত মনোনয়নপত্র বাতিল বলিয়া গন্য হইবে।

ঘ) মনোনয়ন পত্রে প্রদত্ত যাবতীয় তথ্য চুরান্ত ভোটার তালিকা মোতাবেক হইবে। মনোনয়ন পত্রে প্রার্থী, প্রস্তাবক সমর্থকের নাম ও ভোটার নম্বর সু-স্পস্টভাবে উল্লেখ করিতে হইবে এবং স্বাক্ষর এসাসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর/সদস্য ফরম এর স্বাক্ষর মোতাবেক হইতে হইবে। এ ক্ষেত্রে কোন প্রকার ঘসা-মাজা গ্রহনযোগ্য হইবে না। কোন ক্ষেত্রে কোন কিছু কাটিতে হইলে একটানে কাটিয়া কাটার পার্শ্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে এসোসিয়েশনে সংরক্ষিত নমুনাস্বাক্ষর/সদস্য ফরম এর অনুসারে স্বাক্ষর করিতে হইবে।

৭। নির্বাচিত পরিচালকগন কর্মকর্তা পদের জন্য নিমোক্ত হারে ফি পরিশোধ করিয়া স্বয়ং (নিজে) উপস্থিত হইয়া অথবা লিখিত ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে মনোনয়ন পত্র সংগ্রহ করিতে পারিবেন।

(ক)	সভাপতি	১৫,০০০/- টাকা	(খ)	১ম সহ-সভাপতি	১২,০০০/- টাকা
(গ)	সিনিয়র সহ-সভাপতি	১২,০০০/- টাকা	(ঘ)	সহ-সভাপতি	১০,০০০/-টাকা

(ঙ) মনোনয়ন পত্রে প্রার্থী, প্রস্তাবক সমর্থকের নাম ও ভোটার নম্বর সু-স্পস্টভাবে উল্লেখ করিতে হইবে এবং স্বাক্ষর এসাসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর/সদস্য ফরম এর স্বাক্ষর মোতাবেক হইতে হইবে। এ ক্ষেত্রে কোন প্রকার ঘসা-মাজা গ্রহনযোগ্য হইবে না। কোন ক্ষেত্রে কোন কিছু কাটিতে হইলে একটানে কাটিয়া কাটার পার্শ্বে সংশ্লিষ্ট ব্যক্তিকে এসোসিয়েশনে সংরক্ষিত নমুনা স্বাক্ষর/সদস্য ফরম এর অনুসারে স্বাক্ষর করিতে হইবে।

৮। নির্বাচনে ভোট প্রদানের অধিকারীগন ব্যক্তিগতভাবে উপস্থিত হইয়া ভোট প্রদান করিবেন। প্রক্সিরমাধ্যমে ভোট প্রদান সম্পূর্নরূপে নিষিদ্ধ থাকিবে।

৯। এসোসিয়েশনের সকল সদস্য সংশোধিত সংঘবিধি অনুসারে ২৫ জন পরিচালক নির্বাচনের উদ্দেশ্যে নির্ধারিত ছকে ক্রশ (X) অথবা (√) চিহ্নের মাধ্যমে ভোট প্রদান করিবেন। নির্ধারিত সংখ্যক পদের অতিরিক্ত অথবা কম সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করা হইলে অথবা কাটাকাটি, ওভার রাইটিং সম্বলিত অস্পস্ট ও ব্যলটপত্রের নির্দেশাবলী লংঘন করিয়া ভোট প্রদান করিলে সংশ্লিষ্ট ব্যলট পত্র বাতিল বলিয়া গন্য হইবে।

অপর পাতা.../..৪

১০। **নির্বাচন সংক্রান্ত অতিরিক্ত বিধানঃ**

১) নির্বাচন বোর্ড ও নির্বাচন আপীল বোর্ড বানিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ এবং এই আদেশের বিধান অনুযায়ী নির্বা্চনের সকল কার্য্যক্রম পরিচালনা করবে। পরিচালনা পরিষদ নির্বাচন সংক্রান্ত কোন বিষয়ে হস্তক্ষেপ করিতে পারিবে না।

২) নির্বাচনের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে নির্বাচন বোর্ড এক বা একাধিক নির্বাচন কর্মকর্তা নিযুক্ত করিতে পারিবেন। তবে নির্বাচনী দায়িত্ব পালনকারী কোন ব্যক্তি এসাসিয়েশনের সদস্য এবং ভোটার হইলে ও তিনি এই নির্বাচনে প্রার্থী হইতে পারিবেন না বা কোন প্রার্থীর নির্বাচনী এজেন্ট হইতে পারিবেন না বা কাহারো পক্ষে নির্বাচনকে প্রভাবিত করিতে পারে এমন কোন ধরনের প্রচার-প্রচারনা চালাইতে পারিবে না।

৩) নির্বাচন তফসীল জারী করার পর হইতে নির্বাচন সম্পন্ন হওয়া পর্যন্ত নিম্ন লিখিত আচারন বিধি প্রযোজ্য হইবে যাহা লংঘিত হইলে সংশ্লিষ্ট প্রার্থীকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া তাহার প্রার্থীপদ বাতিল করা সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যাইবে, যথাঃ

ক) নির্বাচন উপলক্ষে বিজ্ঞাপন প্রদান, কোন প্রকার পোষ্টার, দেওয়াল লিখন অথবা ব্যানার ব্যবহার করা যাইবে না।
ক) মিছিল করা এবং শ্লোগান দেওয়া সম্পুর্নরূপে নিষিদ্ধ থাকিবে।
গ) ভোটারদের নিকট কেবলমাত্র সাদাকালো A 4 Size এর প্রচারপত্র প্রেরন করা যাইবে, তবে কোন রকম উপটোকন প্রেরন করা যাইবে না।
ঘ) কোন প্রার্থী একক অথবা দলব্ধভাবে কোন হোটেল, রেস্তোরা বা কমিউনির্টি সেন্টারে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতি সভা অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং উহাতে অংশ গ্রহন করিতে পারিবেন না।
ঙ) নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে নির্বাচন বোর্ড কর্তৃক সকল প্রার্থীর পরিচিতি সভার আয়োজন করা যাইবে।
চ) নির্বাচন অনুষ্ঠানের ৪৮ ঘন্টা পূর্ব হইতে সকল প্রকার নির্বচনী প্রচারনা সম্পুর্নরূপে নিষিদ্ধ থাকিবে।
ছ) নির্বাচন অনুষ্ঠানের দিন নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত ভোট কেন্দ্রের ১০০ গজের মধ্যে প্রার্থী অথবা তাহার সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারন ও পোষ্টার বহন সম্পুর্নরূপে নিষিদ্ধ থাকিবে। প্রার্থী এবং নির্বাচনের সহিত সংশ্লিষ্ট নির্বাচনী কর্মকর্তাগন নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ব্যাজ/পরিচয়পত্র ধারন করিবেন।
জ) নির্বাচন বোর্ড কর্তৃক নির্দেশিত বিধান বহিঃভূতভাবে কোন প্রার্থী কিংবা ভোটার ভোট গ্রহন এলাকায় অহেতুক অবস্থান করিতে পারিবেন না।

১১। উপরোক্ত নির্বাচন আচরন বিধির এক বা একাধিক বিধান লংঘিত হইলে অথবা এই বিষয়ে কোন অভিযোগ উথাপিত হইলে সংশ্লিষ্ট পক্ষকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দিয়া নির্বাচন বোর্ড এই বিধি মোতাবেক সিদ্ধান্ত প্রদান করিবে। নির্বাচন বোর্ডের উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপত্তি থাকিলে সংশ্লিষ্ট পক্ষ আপীল বোর্ডের নিকট সাথে সাথে আপীল দায়ের করিবে। উপ দফা (৩) এ বর্নিত আচরন বিধি লংঘন সংক্রান্ত অভিযোগ নিস্পত্তির জন্য নির্বাচন বোর্ডের সুপারিশক্রমে সময়ে সময়ে আপীল বোর্ডের সভা অনুষ্ঠিত হইবে এবং নির্বাচন অনুষ্ঠানের সময়ে আচরন বিধি সংক্রান্ত এইরূপ অভিযোগ নিস্পত্তির জন্য আপীল বোর্ড নির্বাচন চলাকালীন সময়ে ভোট গ্রহন কেন্দ্রে উপস্থিত থাকিবেন। আপীল বোর্ডের সভায় শুনানী গ্রহন করা হইবে। এই শুনানীর বিষয়ে যাবতীয় নোটিশ সংশ্লিষ্ট পক্ষ সমূহকে বিশেষ বিজ্ঞপ্তি/ঘোষনা মারফত অবহিত করা হইবে। নোটিশ বোর্ডে এ বিষয়ে প্রদত্ত বিজ্ঞপ্তি এক মাত্র বৈধ নোটিশ বলিয়া গণ্য হইবে। শুনানী গ্রহন শেষে আপীল বোর্ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চূরান্ত বলিয়া গণ্য হইবে।

১২। **নির্বাচন বোর্ড কার্যালয় ঃ**

ইলেকট্রনিক্স ট্রেডার্স এসাসিয়েশন অব বাংলাদেশ (ইটাব)-এর কার্যালয়
২০, বি. সি. সি. রোড (৩য় তলা), ঢাকা-১২০৩
ফোনঃ ০২-২২৬৬৩৮৬০০

১৩। **নির্বাচন অফিসের সময় সূচী ঃ**

শনিবার হইতে বৃহস্পতিবার সকাল ১০.০০ টা হইতে বিকাল ৫ টা পর্যন্ত।
(দুপুর ১.১৫ মিঃ হইতে ২.০০ মিনিট পর্যন্ত জোহরের নামাজ ও মধ্যাহ্ন ভোজের বিরতি)।
শুক্রবার সাপ্তাহিক ছুটি। তবে বিশেষ কর্মসূচী থাকিলে শুক্রবার অফিস খোলা থাকিবে।

শেখ রহিমউল্যাহ বাহার ফরায়েজী
সদস্য
নির্বাচন বোর্ড
ইলেকট্রনিক্স ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ইটাব)

মোঃ জাকির হোসেন মজুমদার
সদস্য
নির্বাচন বোর্ড
ইলেকট্রনিক্স ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ইটাব)

মোঃ মামুনুল হাসান পলাশ
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড
ইলেকট্রনিক্স ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ইটাব)